



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন: ০২২২৩৩৮৬৯৩১
০২৯৫৬০০২১-২২৩৫

e-mail: dgmaccounts1@krishibank.org.bd

কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১৪(৩)/অন্যান্য সম্পদ সমন্বয়/২০২৩-২০২৪/৮৯০

তারিখ: ০২-০৫-২০২৪

- ০১। উপমহাব্যবস্থাপক (সাধারণ ব্যাংকিং)
লোকাল প্রিন্সিপাল অফিস, ঢাকা
- ০২। উপমহাব্যবস্থাপক
ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
- ০৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
- ০৫। উপমহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা/সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ আদায়যোগ্য খাত ১৩১/১৫৬ (EFTN Net Settlement Account) এবং ১৩১/১৫৭ (Clearing Net Settlement Account) সমন্বয় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। আধুনিক ব্যাংকিং সেবায় দ্রুত আন্তঃব্যাংকিং লেনদেন ও ফান্ড ট্রান্সফার করার ক্ষেত্রে দুটি জনপ্রিয় মাধ্যম হলো BEFTN এবং BACPS। বর্তমানে বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা অনলাইন কার্যক্রমের সাথে গ্রাহকের চাহিদা মোতাবেক অন্য ব্যাংকের সাথে লেনদেনের জন্য BEFTN এবং BACPS এর কার্যক্রম Core Banking System (CBS) ব্যতীত BACH System Software নামক আলাদা সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন করে থাকে। উল্লিখিত মাধ্যমে অন্য ব্যাংক থেকে গ্রাহকের হিসাবে টাকা আদান-প্রদানের পরে প্রতি সেশন শেষে ব্যালেন্স BEFTN এর ক্ষেত্রে ব্যাংকের আদায়যোগ্য খাত ১৩১/১৫৬ (EFTN Net Settlement Account) এবং BACPS এর ক্ষেত্রে ব্যাংকের আদায়যোগ্য খাত ১৩১/১৫৭ (Clearing Net Settlement Account)-এ ডেবিট-ক্রেডিট পোস্টিং দেয়া হয়। স্থানীয় মুখ্য কার্যালয় BACH System Software থেকে প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী সংশ্লিষ্ট শাখার আদায়যোগ্য খাতসমূহ অনলাইনে ডেবিট-ক্রেডিট পোস্টিং দিয়ে থাকে এবং শাখা ডেবিট-ক্রেডিট পোস্টিং দিলে দিনশেষে সংশ্লিষ্ট আদায়যোগ্য খাতের ব্যালেন্স শূন্য হয়। কিন্তু শাখার সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অসতর্কতা ও দায়িত্বে অবহেলার কারণে উক্ত খাতসমূহের ব্যালেন্স অসমন্বিত থাকে। এসব ক্ষেত্রে জালিয়াতি সংঘটিত হওয়ার সম্ভাবনা থাকে। অত্র সাথে উক্ত খাতসমূহে ৩০-০৪-২০২৪ তারিখ ভিত্তিক শাখার অসমন্বিত ব্যালেন্স এর একটি এক্সেলশীট সংযুক্ত করা হলো।
- ০৩। প্রসঙ্গত উল্লেখ্য, বাংলাদেশ কৃষি ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ এর অধ্যায় ১৮ এর অনুচ্ছেদ ১২-এ বলা হয়েছে “আদায়যোগ্য এন্ট্রিসমূহ অনিষ্পন্ন থাকলে তা যদি একান্ত নিয়ন্ত্রণ বহির্ভূত না হয় তবে তাকে সাময়িক অর্থ আত্মসাৎ হিসেবে গণ্য করে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে ১ম পর্ব প্রতিবেদন দাখিল করতে হবে। এছাড়া অনিষ্পন্ন এন্ট্রিসমূহ নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে ব্যর্থতার জন্য সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক/কার্যালয়ের প্রধান এর বিরুদ্ধেও ১ম পর্ব প্রতিবেদন দাখিল করতে হবে।” তাছাড়া উক্ত অধ্যায়ের অনুচ্ছেদ ৩২(২১) এ বলা হয়েছে “কম্পিউটারাইজড শাখায় কম্পিউটার/সংশ্লিষ্ট সফটওয়্যারের মাধ্যমে কোন জালজালিয়াতি সংঘটিত হয়েছে কিনা তা পরীক্ষা-নিরীক্ষা করতে হবে।”

চলমান পাতা-০২

- ০৪। এমতাবস্থায়, নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট বিভাগ ও শাখাসমূহকে উক্ত হিসাবখাত দুটিকে এতদসংক্রান্ত স্থানীয় মুখ্য কার্যালয়ের পত্র নং-বিকেবি/এলপিও প্রশা(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০১৯-২০২০/১০৬৮৩ তারিখঃ ১৭-১২-২০১৯ইং, পত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-১০(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০২৩-২০২৪/২৮৬ তারিখঃ ১৩-০৮-২০২৩ইং এবং পত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-১০(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০২৩-২০২৪/৪১৭৭ তারিখঃ ২৯-০২-২০২৪ইং মোতাবেক অনতিবিলম্বে সমন্বয়পূর্বক ব্যালেন্স শূন্য করার জন্য অনুরোধ করা হলো। (কপি সংযুক্ত)
- ০৫। উক্ত আদায়যোগ্য খাতসমূহ প্রতিদিন শূণ্যকরণের নিমিত্তে সতর্কতা অবলম্বনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শাখাসমূহকে পরামর্শ প্রদান করা হলো। প্রয়োজনে অত্র বিভাগের মোবাইল নম্বর ০১৮৯৪-৯৬৭৬৬৩ ও ০১৭০৯৯৯৯০৬৭ এ যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তি: বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ২। উপমহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বিকেবি।
- ৪। নথি/মহানথি।

(মোঃ জাকির হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক



গণমানুষের ব্যাংক

বাংলাদেশ কৃষি ব্যাংক
লোকাল প্রিন্সিপাল অফিস
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন : ৯৫৫২৯৯৬, ৯৫৫০৩২৫
E-mail : dgmlpo@krishibank.org.bd
bachbkb@krishibank.org.bd

সূত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-১০(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০২৩-২০২৪/

তারিখ: ১৩.০৮.২০২৩ ইং

উপমহাব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা
ও
ব্যবস্থাপক
সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

অতীব গুরুত্বপূর্ণ

বিষয়: **BACH (BACPS & BEFTN) সংশ্লিষ্ট লেনদেন কার্যক্রমে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকার ০৭.০৮.২০২৩ তারিখের পত্র নং-প্রকা/আইসিটি(সিস্টেমস্)/গাইডলাইনস/১৩(১)/২০২৩-২০২৪/১৫৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক অত্র ব্যাংক ২০১০ সাল হতে BACH (BACPS & BEFTN) সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করে আসছে। ২০২২ সালে অত্র ব্যাংকের সকল শাখাকে ব্যাচ সেবার আওতাভুক্তকরণ এবং প্রত্যেক শাখা হতে ব্যবস্থাপক/২য় কর্মকর্তাসহ ০২(দুই) জন কর্মকর্তার অংশগ্রহণে BACH (BACPS এবং BEFTN) বিষয়ক হাতেকলমে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। অদ্যাবধি অত্যন্ত সতর্কতার সাথে BACH কার্যক্রম পরিচালিত হচ্ছে। ভবিষ্যতেও BACPS এবং BEFTN এ কোন প্রকার অনিয়ম বা অনাকাঙ্ক্ষিত লেনদেন রোধ করার জন্য শাখা পর্যায়ে নিম্নে উল্লেখিত বিষয়গুলো অত্যন্ত সতর্কতার সাথে সম্পন্ন করা প্রয়োজন:

BACPS লেনদেনের ক্ষেত্রে শাখা পর্যায়ে যে সকল বিষয়াদিতে সতর্কতা অবলম্বন করা উচিতঃ

(ক) BACPS লেনদেনের সময়সূচী সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের Payment System Department এর সর্বশেষ PSD সার্কুলার নং-০৭; তারিখ ১০.১১.২০২২ প্রত্যেক শাখা কর্তৃক যথাযথ অনুসরণ করতে হবে;

(খ) BACPS এর High Value ও Regular Value Outward Cheque উপস্থাপনের পূর্বে অবশ্যই UV Detector মেশিনে Ultra violet ray ও water mark নিশ্চিত হতে হবে;

(গ) BACPS এর High Value ও Regular Value Outward Cheque গ্রাহকের নিকট হতে গ্রহণের সময় অবশ্যই বিকেবির ক্রেডিট হিসাব নম্বর ও গ্রাহকের নামের সঠিকতা যাচাই করে নিতে হবে;

(ঘ) BACPS এর High Value ও Regular Value Inward Cheque ডেবিট করার পূর্বে অবশ্যই Image এর সাথে হিসাব নম্বর, হিসাবের নাম, টাকার পরিমাণ (কথায় এবং অংকে), চেক নম্বর এবং সর্বোপরি MICR Line মিলিয়ে নিতে হবে। কোন অসংগতি থাকলে Cheque টি রিটার্ন করতে হবে;

(ঙ) কোন Inward চেক Return করতে হলে তা নির্ধারিত সময় (বর্তমানে নির্ধারিত সময় High Value এর ক্ষেত্রে ২:১৫ মিনিট এবং Regular Value এর ক্ষেত্রে ৩:৪৫ মিনিট) এর মধ্যে Return করতে হবে;

(চ) কোন Inward চেক CBS এ এন্ট্রি করা না থাকলে চেক রেজিস্টার যাচাই পূর্বক (নিজ শাখা থেকে চেকটি ইস্যু হয়েছে কিনা) নিশ্চিত হয়ে এন্ট্রি দিতে হবে;

(ছ) প্রত্যেক শাখাকে প্রতি কার্যদিবসে BACPS Software এর মাধ্যমে প্রাপ্ত Inward Cheque সমূহ BACPS Software এর Advice অপশনে নিজ নিজ শাখার কোড ইনপুট দিতে হবে;

১

BEFTN লেনদেনের ক্ষেত্রে শাখা পর্যায়ে যে সকল বিষয়াদিতে সতর্কতা অবলম্বন করা উচিতঃ

(ক) BEFTN এর ইউজার আইডি এবং পাসওয়ার্ড নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে। কোনভাবেই ইউজার আইডি এবং পাসওয়ার্ড কারো সাথে শেয়ার করা যাবে না।

(খ) BEFTN Outward লেনদেন করার পূর্বে আবেদনকারীর সংশ্লিষ্ট হিসাব হতে BEFTN Outward আবেদন অনুযায়ী নির্ধারিত অংকের টাকা CBS হতে Debit নিশ্চিত করতে হবে;

(গ) BEFTN Outward লেনদেন Session-01 এবং Session-02 উভয় ক্ষেত্রেই নির্দিষ্ট সময় শেষ হওয়ার কমপক্ষে ১০ মিনিট পূর্বেই শাখার সকল কাজ সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে উল্লেখিত লেনদেন শাখার Authorise User এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত হতে হবে;

(ঘ) BEFTN Outward এর ক্ষেত্রে প্রেরকের (Sender) পূর্ণ হিসাব নম্বর (security digit সহ) উল্লেখ করতে হবে এবং অবশ্যই Payment information দিতে হবে;

(ঙ) BEFTN Inward এর ক্ষেত্রে যথাসময়ে গ্রাহকের হিসাব নম্বরের সঠিকতা যাচাই পূর্বক ক্রেডিট করতে হবে;

(চ) BEFTN Inward ডেবিট এর ক্ষেত্রে গ্রাহকের হিসাবে Insufficient fund থাকলে BEFTN Business day তেই রিটার্ন করতে হবে। পরবর্তী কার্যদিবসে কোনভাবেই ডেবিট রিটার্ন করা যাবে না;

(ছ) BEFTN এর সেটেলমেন্ট রিপোর্ট Time এর পূর্বে (Session-01 দুপুর ২:০০ টা এবং Session-02 পরবর্তী দিন সকাল ১০:০০ টা) ভাউচারের মাধ্যমে BEFTN Outward আবেদনকারীর হিসাব বিয়োজন/ডেবিট করা হয়েছে কিনা নিশ্চিত করতে হবে।

এছাড়াও BACH Computer এ অবশ্যই এন্টিভাইরাস দিতে হবে এবং BACH Computer এ কোন প্রকার (ব্যক্তিগত Laptop, TAB, PDA, Mobile phone, Modem, Pen Drive external এবং Device) ইন্টারনেট সংযোগ দেয়া যাবে না।

০৩। অত্র কার্যালয়ের ১৭/১২/২০১৯ তারিখের পত্র নং- বিকেবি/এলপিও/প্রশা(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০১৯-২০/১০৬৮৩ এর মাধ্যমে সকল শাখাকে দৈনিক ভিত্তিতে Day End এর পূর্বে BEFTN এর জন্য আদায়যোগ্য খাত ১৩১/১৫৬ এর স্থিতি যথাযথ EFTN Net Settlement Report মোতাবেক CBS ভাউচার পোষ্টিং দেওয়া হলে উক্ত খাতের স্থিতি শূন্য করার নির্দেশনা প্রদান করা হয় এবং BACPS এর জন্য আদায়যোগ্য খাত ১৩১/১৫৭ এর স্থিতি যথাযথ High Value ও Regular Value Net Settlement Report মোতাবেক CBS ভাউচার পোষ্টিং দেওয়া হলে উক্ত খাতের স্থিতি শূন্য করার নির্দেশনা প্রদান করা হয়। ফলে উল্লেখিত সার্কুলার মোতাবেক অবশ্যই শাখা পর্যায়ে Day End এর পূর্বে আদায়যোগ্য খাত ১৩১/১৫৬ এবং ১৩১/১৫৭ স্থিতি শূন্য নিশ্চিত হতে হবে।

০৪। BACH কার্যক্রম সম্পাদনে যে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে বিকেবি, এলপিও BACH Team এর সাথে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা হলো (BACH Team এর টিএন্ডটি ও মোবাইল নম্বর সমূহ BACH Software Message Option থেকে পাওয়া যাবে)।

অনুমোদনক্রমে,

সংযুক্তি : বর্ণনামোতাবেক

আপসার বিশ্বজ,
(মোঃ শাহ আলম)
উপ-মহাব্যবস্থাপক-২০১৬

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, স্থানীয় মুখ্য আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, আইসিটি মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা। পত্রটি বিকেবি ওয়েবসাইটে আপলোডের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
- ০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। নথি/মহানথি।



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ।
ফোনঃ ০২-২২৩৩৫৬৬৫৩



Email: dgictsystem@krishibank.org.bd

পত্র নং- প্রকা/আইসিটি(সিস্টেমস)/গাইডলাইনস/১৩(১)/২০২৩-২০২৪/১৫৮

তারিখঃ ০৭.০৮.২০২৩ ইং

উপ-মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়/ সকল কর্পোরেট শাখা
ও
ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
সকল শাখা।

বিষয়ঃ ব্যাংক-আর্থিক প্রতিষ্ঠানে সাইবার হামলার হুমকি বিষয়ে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শীর্ষোক্ত বিষয়ে ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের (বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর BGD e-GOV CIRT) গত ০৪/০৮/২০২৩ তারিখের কম্পিউটার ইনসিডেন্ট রেসপন্স টিমের বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যায় সাইবার হামলায় রক্ষণীয় গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (সিআইআই), ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, স্বাস্থ্যসেবা এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কার্যক্রম ব্যাহত হতে পারে। দেশের ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও অন্যান্য প্রতিষ্ঠান আগামী ১৫ আগস্ট সাইবার হামলার শিকার হতে পারে বলে বাংলাদেশ সরকারের কম্পিউটার ইনসিডেন্ট রেসপন্স টিম (BGD e-GOV CIRT) সতর্কতা জারি করেছে; বিষয়টি বাংলাদেশ ব্যাংক কর্তৃক অত্র ব্যাংককে অবহিত করা হয়েছে। এধরনের সাইবার হুমকি ব্যাংকসহ যেকোন আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে মারাত্মক হুমকি স্বরূপ। সাইবার হামলাসহ যে কোন ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা হতে নিরাপদ থাকার জন্য আমাদের অনতিবিলম্বে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক।

০২। ব্যাংক-আর্থিক প্রতিষ্ঠানে সম্ভাব্য সাইবার আক্রমণের ঝুঁকি মোকাবেলায় তথ্য প্রযুক্তি ব্যবস্থার নিরাপত্তা বৃদ্ধিকল্পে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলোঃ

- ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা এবং সচেতনতা অবলম্বন করতে হবে।
- ব্যাংকিং সফটওয়্যার কার্যক্রমে ব্যবহৃত কম্পিউটারসমূহ এবং ইন্টারনেট ব্রাউজিং/রেমিট্যান্স কাজে ব্যবহৃত কম্পিউটার আবশ্যিকভাবে Physically আলাদা করতে হবে। কোনক্রমেই ব্যাংকিং সফটওয়্যার (Core Banking Solution (CBS), RTGS etc) ব্যবহৃত কম্পিউটারে ইন্টারনেট ব্যবহার করা যাবে না। এছাড়া উক্ত কম্পিউটারসমূহে কোন প্রকার USB Device ব্যবহার করা যাবে না।
- ১৪/০৮/২০২৩ তারিখে আবশ্যিকভাবে বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে শাখার Day-End সম্পন্ন করতে হবে। পাশাপাশি কর্তৃপক্ষীয় অনুমোদন ব্যতীত ১৫/০৮/২০২৩ তারিখে শাখা/কার্যালয়ের কম্পিউটার চালু করা যাবে না।
- ১৬/০৮/২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকার পূর্বে কোনক্রমেই শাখার কম্পিউটার চালু করা যাবে না।
- বাংলাদেশ কৃষি ব্যাংকের নামে কোন ই-মেইল আসলে কেবলমাত্র Display Name এর উপর ভিত্তি না করে কৃষি ব্যাংকের নিজস্ব Domain Name (krishibank.org.bd) ও Domain Name এর Spelling এর বিষয়ে নিশ্চিত হতে হবে। www.krishibank.org.bd জেনে বর্ধিত কোন ই-মেইলে Password পরিবর্তন, Storage/Space বৃদ্ধি, unlock e-mail account/ it will be permanently disabled/ click here renew your account ইত্যাদি সম্পর্কিত লিংক সমূহ Open বা Click করা বা Attachment Download করা যাবে না। এছাড়াও Unauthorized Link Open বা Click করা যাবে না।
- দৈনন্দিন ব্যাংকিং অপারেশন কার্যক্রম সম্পন্ন শেষে আবশ্যিকভাবে শাখার সকল কম্পিউটার বন্ধ রাখতে হবে।
- ব্যক্তিগত Laptop, TAB, PDA, Mobile Phone, Modem, Pen Drive অথবা যে কোন ধরনের External Device শাখা/কার্যালয় এর কম্পিউটার বা নেটওয়ার্কে সংযুক্ত করে ব্যাংকের ইন্টারনেট ব্যবহার করা যাবে না।
- ই-মেইল একাউন্ট, ব্যাংকিং অপারেশন সফটওয়্যার, রেমিট্যান্স ইত্যাদিসহ অন্যান্য সকল সিস্টেম/এপ্লিকেশন ব্যবহারকারী ইউজারগণ নিজ দায়িত্বে পাসওয়ার্ড সংরক্ষণ করবেন এবং কোন অবস্থায় পাসওয়ার্ড শেয়ার করা যাবে না।
- BACH, BEFTN, RTGS, SWIFT, CBS, Debit Card, ATM অপারেশন পরিচালনার সময় যথাযথ সাবধানতা অবলম্বন করতে হবে। এ ক্ষেত্রে সকল নীতিমালা ও গাইডলাইন অনুসরণ করতে হবে। সকল Server, Networking Devices, Computer এবং অন্যান্য সকল হার্ডওয়্যারসমূহ তথ্য প্রযুক্তি ব্যবহার নীতিমালা অনুযায়ী ব্যবহার করতে হবে।

০৩। সাইবার নিরাপত্তা ও লেনদেন ঝুঁকি সম্পর্কে নিজস্ব সকল কর্মকর্তা-কর্মচারীকে সচেতন ও প্রশিক্ষিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত "Guidelines on ICT Security for Banks and Non Financial Institutions, 2023" বিষয়ক পলিসি ও বিভিন্ন পিএসডি সার্কুলারসমূহ এবং বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক জারিকৃত "ICT Security Policy" ও সময়ে সময়ে জারিকৃত আইসিটি পরিপত্র/পত্রসহ অন্যান্য নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে।

০৪। আইসিটি সিকিউরিটি সংক্রান্ত নীতিমালা পরিপালন না করার ফলে ব্যাংকিং অপারেশন কার্যক্রমে কোনো ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হয় তাঁর দায়দায়িত্ব অত্র বিভাগ বহন করবে না। বিষয়াদি সর্বাধিক গুরুত্ব সহকারে বিবেচনা করতঃ পরিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো। শাখা ব্যবস্থাপকগণকে সাইবার হুমকির বিষয়ে শাখার প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীদের অবহিত করে নিয়ন্ত্রণকারী কার্যালয়ের মাধ্যমে স্ব স্ব বিভাগীয় কার্যালয়-কে অবগত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

Rosid
৭.৮.২৩

(মোঃ মামুনুর রশীদ)

উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল বিভাগীয় কার্যালয় (সাইবার হুমকির বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের সাথে আলোচনা এবং বিভাগীয় কার্যালয়ধীন সকল শাখার কর্মকর্তা-কর্মচারীদের অবহিত করার বিষয়টি আইসিটি মহাবিভাগ-কে অবগত করার অনুরোধসহ)।
- ০৪। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
- ০৬। অর্থসচিব/সহ অর্থসচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
- ০৮। নথি/মহানথি।



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট

পিএসডি সার্কুলার লেটার নং-০৭

তারিখ: ২৫ কার্তিক ১৪২৯
১০ নভেম্বর ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক, সকল আর্থিক প্রতিষ্ঠান এবং বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড

প্রিয় মহোদয়,

BACH এবং RTGS এর সময়সূচি নির্ধারণ প্রসঙ্গে।

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশনের ০৩ নভেম্বর ২০২২ তারিখের সার্কুলার লেটার নং-৩৫ এর অনুবর্তনে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সাপ্তাহিক ও সরকারি ছুটি ব্যতীত অন্যান্য কর্মদিবসে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ BACH (BACPS ও BEFTN) এবং রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট (RTGS) এর কার্যক্রম পরিচালিত হবে।

১) বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) এর লেনদেন:

- ক) BACPS এর High Value Clearing - Presentment Cut off Time- 11:30 AM,
- Return Cut off Time- 2:30 PM
- Regular Value Clearing - Presentment Cut off Time- 12:00 PM,
- Return Cut off Time- 4:00 PM

খ) উপর্যুক্ত দিনগুলিতে BEFTN এর দুটি সেশন পূর্বের সময়সূচি অনুযায়ী চালু থাকবে।

২) রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট (RTGS) এর লেনদেন:

- ক) সকল লেনদেন 10:00 AM হতে 3:30 PM
- খ) কাস্টমস ডিউটি ই-পেমেন্ট (Pacs.008 with TTC 41), আন্তঃব্যাংক ফান্ড ট্রান্সফার (Pacs.009) ও Returns Transaction (Pacs.004) 3:30 PM হতে 4:30 PM
- গ) আন্তঃব্যাংক ফান্ড ট্রান্সফার (Pacs.009) ও Return Transaction (Pacs.004) 4:30 PM হতে 4:45 PM
- এ নির্দেশ ১৫ নভেম্বর ২০২২ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মুহম্মদ বদিউজ্জামান দিদার)

পরিচালক(পিএসডি)

ফোন: ৯৫৩০৬১১



গণমানুষের ব্যাংক

বাংলাদেশ কৃষি ব্যাংক

লোকাল প্রিন্সিপাল অফিস

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন : ৯৫৫২৯৯৬, ৯৫৫০৩২৫

E-mail : dgmlpo@krishibank.org.bd

bachbkb@krishibank.org.bd

সূত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-১০(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০২৩-২০২৪/৪০৭৭

তারিখ: ২৯.০২.২০২৪ ইং

উপমহাব্যবস্থাপক

সকল কর্পোরেট শাখা

ও

ব্যবস্থাপক

সকল শাখা

বাংলাদেশ কৃষি ব্যাংক।

অতীব গুরুত্বপূর্ণ

বিষয়: BACH (BACPS & NIKASH BEFTN) সংশ্লিষ্ট লেনদেন কার্যক্রমে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র কার্যালয়ের পত্র নং সূত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-১০(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০২৩-২০২৪/২৮৬ এবং তারিখ: ১৩.০৮.২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উপর্যুক্ত বিষয়ে BACH (BACPS & NIKASH BEFTN) লেনদেনের ক্ষেত্রে শাখা পর্যায়ে সতর্কতা অবলম্বন করার জন্য নির্দেশনা প্রদান করা হলেও তা সঠিকভাবে পরিপালন করা হচ্ছে না। যার ফলে কিছু শাখায় অনিয়ম পরিলক্ষিত হচ্ছে। কোন Inward চেক Return করতে হলে তা নির্ধারিত সময় (বর্তমানে নির্ধারিত সময় High Value এর ক্ষেত্রে ২:১৫ মিনিট এবং Regular Value এর ক্ষেত্রে ৩:৪৫ মিনিট) এর মধ্যে Return করতে হয়। অন্যথায় চেকসমূহ অটোমেটিক Honor হয়ে যায় এবং চেক ডেবিট না হওয়া ও অটোমেটিক Honor হওয়ার সম্পূর্ণ দায় দায়িত্ব সংশ্লিষ্ট শাখার। পাশাপাশি আদায়যোগ্য খাত ১৩১/১৫৬ এবং ১৩১/১৫৭ স্থিতি দিন শেষে শূন্য নিশ্চিত পূর্বক Day End কার্যক্রম চালানোর নির্দেশনা থাকলেও অনেক শাখা তা নিশ্চিত না করে Day End সম্পন্ন করে এমনকি পরদিনও Day Open করার পর সংশ্লিষ্ট খাতসমূহে কোন স্থিতি আছে কিনা তা যাচাই করে দেখেন না।

০৩। বিকেবি, প্রধান কার্যালয়ের মানি লন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ এর পত্র নং প্রকা/আরএমডি/এএমএল-৪/বাংলাদেশ ব্যাংক/২০২৩-২০২৪/২৮১৫ এবং তারিখ: ২২.০১.২০২৪ এ BACH (BACPS & NIKASH BEFTN) সংশ্লিষ্ট কার্যসম্পাদনে কোন ধরনের জাল-জালিয়াতির ঘটনা পরিলক্ষিত হলে তা তাৎক্ষণিকভাবে প্রধান কার্যালয়ের মানি লন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগকে STR/SAR আকারে বা লিখিতভাবে অবহিত করার কথা থাকলেও অনেক শাখা তা করছেন না।

০৪। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা মোতাবেক BACH (BACPS & NIKASH BEFTN) কার্যক্রম সম্পাদনের জন্য সকল শাখাকে পুনঃরায় নির্দেশ দেয়া হলো। উক্ত কার্যক্রমটি সম্পাদনে যে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে বিকেবি, এলপিও BACH Team এর সাথে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা হলো (BACH Team এর টিএন্ডটি ও মোবাইল নম্বর সমূহ BACH Software Message Option থেকে পাওয়া যাবে)। শাখা পর্যায়ের অবহেলার কারণে যদি কোন প্রকার জটিলতা/জাল জালিয়াতির উদ্ভব হয় সেক্ষেত্রে সম্পূর্ণ দায়ভার সংশ্লিষ্ট শাখার উপর বর্তাবে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,
(মোঃ শাহ আলম)
উপ-মহাব্যবস্থাপক
২৯-০২-২০২৪

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, আইসিটি মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
- ০৩। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা। পত্রটি বিকেবি ওয়েবসাইটে আপলোডের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
- ০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। নথি/মহানথি।



বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল, ঢাকা-১০০০

Phone : 9515586, 9552996

Email: dgmlpo@krishibank.org.bd

নং-বিকেবি/এলপিও প্রশা(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০১৯-২০২০/ ৩০৮৮৬

তারিখ : ১৭-১২-২০১৯ইং

সকল উপ-মহাব্যবস্থাপক
কর্পোরেট শাখা
সকল শাখা ব্যবস্থাপক (ব্যাচ সংশ্লিষ্ট)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : EFTN, High Value (HV), Regular Value (RV) এর Net Settlement Amount Flora Bank(CBS) এ ১১১০-অনলাইন পোস্টিং এর পরিবর্তে ব্যাচশাখা পর্যায়ে EFTN Net Settlement Amount-আদায়যোগ্য উপখাত ১৩১/১৫৬ এবং HV ও RV Net Settlement Amount-আদায়যোগ্য উপখাত ১৩১/১৫৭তে পোস্টিং প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,
শিরোনামে বর্ণিত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। অত্র কার্যালয়ের ২৪/০৯/২০১৯ ইং তারিখের পত্র নং-৭৫০ মোতাবেক গত ০১/১০/২০১৯ ইং তারিখ হতে BACH শাখাসমূহ EFTN, High Value (HV), Regular Value (RV) এর Net Settlement Amount পার্কিং হিসাবখাত ১৩১/১২০ অথবা ৪১/৮১ তে পোস্টিং হয়ে আসছে। অতঃপর EFTN, HV, RV Net Settlement Amount বিকেবি এলপিওতে ১১১০ অনলাইন জিএল হিসাব, ১৩১/১৫৬ এবং ১৩১/১৫৭ উপখাতে স্থানান্তর করা হচ্ছে। উক্ত পদ্ধতি আগামী ১৯/১২/২০১৯ ইং তারিখ পর্যন্ত কার্যকর থাকবে। আগামী ২২/১২/২০১৯ ইং তারিখ হতে অত্র কার্যালয়ের ২৪/০৯/২০১৯ ইং তারিখের পত্র নং-৭৫০ মোতাবেক শাখা কর্তৃক EFTN, HV, RV এর Net Settlement Amount পার্কিং হিসাবখাত ১৩১/১২০ এবং ৪১/৮১ এর পরিবর্তে সরাসরি EFTN Net Settlement Amount ১৩১/১৫৬ এবং HV, RV এর Net Settlement Amount ১৩১/১৫৭ হিসাব উপখাতে পোস্টিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, BACH সিস্টেম হতে প্রাপ্ত Net Settlement Report মোতাবেক Flora Bank(CBS) এ ডেবিট-ক্রেডিট করতে হবে।

০৩। পক্ষান্তরে, ১১১০ অনলাইনের মাধ্যমে আপনার শাখার সাথে বিকেবি এলপিওর BACH সংক্রান্ত যে দেনা-পাওনার হিসাব তা বিকেবি এলপিও হতে আপনার শাখায় EFTN এর ক্ষেত্রে ১৩১/১৫৬ উপখাতে এবং HV ও RV এর ক্ষেত্রে ১৩১/১৫৭ উপখাতে স্থানান্তর করা হবে। উক্ত Net Settlement Amount দৈনিক ভিত্তিতে ১৩১/১৫৬ ও ১৩১/১৫৭ উপখাত সমন্বয় হবে।

বরাদ্দকৃত উপ-খাতের শিরোনাম	মূল খাত	বরাদ্দকৃত উপখাত	হিসাব নম্বর
EFTN Net Settlement Account	১৩১	১৫৬	৯০২২৫৪
Clearing Net Settlement Account	১৩১	১৫৭	৯০২২৫৫

০৪। BACH সিস্টেম হতে EFTN এর ২(দুই)টি সেশনের Branch wise Inward Items রিপোর্ট মোতাবেক BACH শাখাসমূহ প্রতিদিন Flora Bank (CBS)-এ Account wise ডেবিট-ক্রেডিট পোস্টিং দিবে এবং স্থানান্তর ভাউচারের ডেবিট-ক্রেডিট পার্শ্বের পার্থক্য Zone wise Summary Report এর “Net Amount”- EFTN Net Settlement Amount হিসেবে Flora Bank(CBS)-এ ১৩১/১৫৬ আদায়যোগ্য উপখাতে পোস্টিং দিয়ে ভাউচারটি সম্পন্ন করবে। সংশ্লিষ্ট ভাউচারসমূহ Flora Bank(CBS) Report থেকে প্রিন্ট করে মূল ভাউচারের সাথে সংযুক্তি রাখতে হবে।

চলমান পাতা-০২

- ০৫। শাখাসমূহ BACH সিস্টেমে “ICE(Inward Cheque Envelope) & OCE(Outward Cheque Envelope) are ok” মেসেজ দেখে High Value (HV) ও Regular Value (RV) Inward ইন্ট্রুমেন্টসমূহ প্রিন্ট করে Flora Bank (CBS)-এ নির্দিষ্ট হিসাবে শাখা পোস্টিং দিবে। সংশ্লিষ্ট কর্মকর্তা HV ও RV Outward ইন্ট্রুমেন্টসমূহ নির্ধারিত সময়ের মধ্যে BACH সিস্টেমে Scan, Make & Check কার্য সম্পন্ন করবে। পরবর্তীতে HV ও RV এর পৃথক স্থানান্তর ভাউচারের ডেবিট-ক্রেডিট পার্শ্বের পার্থক্য Net Settlement Report অনুযায়ী Flora Bank (CBS) এ ১৩১/১৫৭ আদায়যোগ্য উপখাতে পোস্টিং দিয়ে ভাউচারটি শাখা সম্পন্ন করবে। সংশ্লিষ্ট ভাউচারসমূহ Flora Bank(CBS) Report থেকে প্রিন্ট করে মূল ভাউচারের সাথে সংযুক্তি হিসাবে রাখতে হবে।
- ০৬। শাখাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তা EFTN, High Value ও Regular Value সংক্রান্ত ভাউচার পোস্টিং এবং অথোরাইজেশন কার্য সম্পন্ন করবে এবং উপরোল্লিখিত উপখাতদ্বয়ে ডেবিট-ক্রেডিট উভয়পার্শ্বে EFTN, HV, RV এর Net Settlement Amount অনুযায়ী সমপরিমান পোস্টিং স্বাপেক্ষে ব্যালেন্স গুণ্য(০) নিশ্চিত করবে। Flora Bank (CBS) Report হতে প্রতিদিন উক্ত উপখাতদ্বয়ের Statement প্রিন্ট করে অবশ্যই ব্যাচ সংশ্লিষ্ট কর্মকর্তা ও ২য় কর্মকর্তা/ব্যবস্থাপকের স্বাক্ষরপূর্বক তা মূল ভাউচারের সাথে শাখা সংরক্ষণ করবে। উল্লেখ্য যে, পরবর্তীতে উক্ত উপখাতদ্বয়ে কোন অসামঞ্জস্য বা অসম্মিত এন্ট্রি পরিলক্ষিত হলে তার সম্পূর্ণ দায়ভার সংশ্লিষ্ট ব্যাচ শাখার তৎকালীন ব্যাচ সংশ্লিষ্ট কর্মকর্তা ও ২য় কর্মকর্তা/ব্যবস্থাপকের উপর বর্তাবে।
- ০৭। উল্লেখ্য প্রতিদিন Regular Value Net Settlement Amount অনুযায়ী বিকেবি এলপিওর সাথে দেনা-পাওনা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সকল ব্যাচ শাখাকে Flora Bank (CBS) এ Day End Process সম্পন্ন না করার জন্য নির্দেশ দেওয়া হলো। যদি কোন ব্যাচ শাখা এলপিওর সাথে দেনা-পাওনা নিষ্পত্তি না করে শাখার Day End Process Complete করে ফেলেন তবে উক্ত শাখার ব্যাচ সংশ্লিষ্ট কাজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ ২য় কর্মকর্তা ও ব্যবস্থাপক অসম্মিত ও দায়িত্বহীন কাজের জন্য জবাবদিহিতার সম্মুখীন হবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,




(জহিরুল ইসলাম ডুএগ)
মহাব্যবস্থাপক(দায়িত্বে)

নং-বিকেবি/এলপিও প্রশা(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০১৯-২০২০/

তারিখ : ১৭-১২-২০১৯ইং

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক- ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৫। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে পত্রটি ব্যাংকের Website এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
- ৮। সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। নথি/মহানথি।



(মোঃ শাহ আলম)
উপ-মহাব্যবস্থাপক